গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
সাধারণ শাখা।
www.barguna.gov.bd

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৮ জুলাই ২০২১, রোজ : মঙ্গলবার, বেলা ১১:০০ ঘটিকা। |
| আলোচ্য মাস | : | জুন ২০২১ |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, বরগুনা'র সম্মেলন কক্ষ (ভার্চুয়াল)। |
| সভাপতি | : | হাবিবুর রহমান<br>জেলা প্রশাসক, বরগুনা। |

উপস্থিত সদস্য/প্রতিনিধিবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে)/(অনুমতি ব্যতীত) নামের তালিকা : পরিশিষ্ট -'খ'।

সভার প্রারম্ভে ভার্চুয়াল সভায় সংযুক্ত সকল সদস্যকে পবিত্র ঈদুল আযহার আগাম শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। শুরুতে কোভিড-১৯ মোকাবেলায় সকলকে আতঙ্কিত না হয়ে সচেতন হওয়ার আহবান জানানো হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। **স্বাস্থ্য বিভাগ:** সিভিল সার্জন, বরগুনা সভায় জানান যে, বরগুনা জেলা সদর হাসপাতাল (১) বরগুনা জেলা সদর হাসপাতালে নবনির্মিত ভবনে ৫০ শয্যার কোভিড ডেডিকেটেড হাসপাতাল চালু করা হয়েছে। (২) ইউনিসেফ এর সহযোগিতায় সিভিল সার্জন কার্যালয়ে দ্বিতল বিশিষ্ট একটি ইপিআই ভবন নির্মাণ করা হয়েছে। (৩) কোভিড ১৯ নিয়ন্ত্রণ কাজে ব্যবহারের জন্য বরগুনা জেলা সদর হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স বরাদ্দ করা হয়েছে। (৪) মাঠ পর্যায়ে তদারকি করার জন্য বরগুনা জেলার ০৪ জন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অনুকূলে ০৪টি জীপ বরাদ্দ দেয়া হয়েছে। (৫) বরগুনা জেলা সদর হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে। (৬) সঠিকভাবে যক্ষারোগ নির্ণয়ের জন্য দুইটি জীন স্পার্ট মেশিন এবং একটি উন্নত ডিজিটাল এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। (৭) সকলকে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। (৮) নতুন করে করোনা সংক্রমন যাতে বৃদ্ধি না পায় এ জন্য সকলকে সচেতন ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।<br>সাধারণ মানুষের সচেতনতার জন্য অধিক প্রচারের লক্ষ্যে মাইকিং ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। এ ব্যাপারে স্বাস্থ্যবিধি মেনে চলতে সভাপতি সকলকে অনুরোধ জানান। | ১। কোভিড-১৯ (করোনা) সংক্রমণরোধে স্বাস্থ্যবিধি মেনে ভ্যাক্সিন নেয়ার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হয়। এছাড়া মাস্ক পড়া ও হাত ধোয়ার প্রবনতা বাড়াতে হবে।<br>২। ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় এ বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩। জেলা ও উপজেলা পর্যায়ে চিকিৎসকদের নিয়মিত কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার জন্য সিভিল সার্জন, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।<br>৪। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করতে সিভিল সার্জন, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৫। নতুন করে করোনা সংক্রমন যাতে বৃদ্ধি না পায় এ জন্য সকলকে সচেতন ও স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ করা হয়।<br>৬। সাধারণ মানুষের স্বাস্থ্যবিধি মেনে চলতে সচেতনতার জন্য অধিক প্রচারের লক্ষ্যে মাইকিং ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, বরগুনা, তত্ত্বাবধায়ক ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরগুনা মেয়র, সকল পৌরসভা |
| ০২। **২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল:**<br>তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, বরগুনা সভায় জানান যে, বরগুনা সদর হাসপাতালে মঞ্জুরীকৃত ৪২ জন চিকিৎসকের মধ্যে মাত্র ০৬ জন এবং মঞ্জুরীকৃত ৮৮ জন নার্সিং কর্মকর্তাদের মধ্যে ৫৫ জন কর্মরত আছেন। চিকিৎসক এবং নার্সিং কর্মকর্তাদের শূন্যপদ জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। ২১ টি সিনিয়র/জুনিয়র কনসালটেন্ট পদের মধ্য মাত্র ০২ জন জুনিয়র কনসালটেন্ট কর্মরত আছেন। জরুরি ভিত্তিতে মেডিসিন, কার্ডিওলজী এবং গাইনী কনসালটেন্ট পদায়ন একান্ত প্রয়োজন। ইতোমধ্যে আবুল খায়ের গ্রুপ কর্তৃক অত্র হাসপাতালে অক্সিজেন ব্যাংক স্থাপন করা হয়েছে। ফলশ্রুতিতে করোনা রোগীদের জন্য অক্সিজেন সরবরাহ করা সম্ভব হবে। | ১। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসক পদায়নসহ দক্ষ জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে পত্র যোগাযোগ করার জন্য তত্ত্বাবধায়ক, বরগুনা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালকে অনুরোধ করা হয়।<br>২। বরগুনা জেলা সদর হাসপাতালের নব নির্মিত ভবনের হাসপাতালটি চালু করার জন্য দ্রুত হস্তান্তরসহ প্রয়োজনীয় জনবল নিয়োগ ও সরঞ্জাম সরবরাহের জন্য সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে পত্র যোগাযোগ করার জন্য তত্ত্বাবধায়ক, বরগুনা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালকে অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, বরগুনা ও তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ০৩। **পুলিশ বিভাগ :**<br>অতিরিক্ত পুলিশ সুপার, বরগুনা জানান যে, এ মাসে সারাদেশের ন্যায় বরগুনা জেলায় ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। লকডাউন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে জেলা পুলিশ নিরলসভাবে কাজ করে আসছে। জেলার সকল উন্নয়ন কর্মকাণ্ডে জেলা পুলিশের সহযোগিতা অব্যাহত আছে। বরগুনা জেলায় সড়ক নিরাপদ রাখা, সন্ত্রাস, যৌতুক, বাল্যবিবাহ, জঙ্গিবাদ, নাশকতা, ইভটিজিং ও মাদক ইত্যাদি অপরাধমূলক কর্মকাণ্ড বিরোধী কার্যক্রম অব্যাহত আছে। কোভিড-১৯ সকলের সামগ্রিক প্রচেষ্টায় সফলতার সাথে মোকাবেলা করা হচ্ছে। স্বাস্থ্যবিধি মানতে ব্যাপক প্রচারনা ও মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে জেলা পুলিশ কাজ করছে এবং জনসমাগম প্রতিরোধে ২৪ ঘন্টা চেক পোস্ট রয়েছে। জেলা পুলিশের কর্মকর্তাগণ নিয়মিত দেখভাল করেন। সকলে সম্মিলিতভাবে কাজ করায় বরগুনা জেলা করোনার ঝুঁকি কমানো যেতে পারে। | ১। সন্ত্রাস, যৌতুক, বাল্যবিবাহ, জঙ্গিবাদ, নাশকতা, ইভটিজিং, মাদক, কিশোর অপরাধ এবং কোভিড-১৯ প্রতিরোধসহ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। নিরাপদ সড়ক নিশ্চিতকরণে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।<br>২। কোভিড-১৯ প্রতিরোধে সামাজিক দূরত্ব নিশ্চিত করার লক্ষ্যে জেলা প্রশাসনকে সার্বিক সহযোগিতা করার জন্য বরগুনা জেলা পুলিশকে অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় রেখে অফিসার ইনচার্জদের কাজ করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। অপরাধমুক্ত বরগুনা গঠনে সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>৫। মাস্ক ব্যবহারে জনগণকে উৎসাহিত করতে পুলিশ সুপার বরগুনাকে অনুরোধ করা হয়। | পুলিশ সুপার, বরগুনা/উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৪। **জেলা পরিষদ :**<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা জানান ১) ২০২০-২১ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ২৭০টি প্রকল্পের কাজের বরাদ্দকৃত অর্থ ৪,৯০,০০০০০.০০ টাকা। কাজের অগ্রগতি ৩০% ২) ২০২০-২১ অর্থবছরে নিজস্ব তহবিলের আওতায় ৫৫টি প্রকল্পের কাজের প্রাক্কলিত মূল্য ১৮১৫৩৯৮২.০০ টাকা। কাজের অগ্রগতি ৩০% ৩) ২০১৯-২০ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দ উপখাত এর আওতায় ৪১৯টি প্রকল্পের কাজের অগ্রগতি ৯০%। ২০১৯-২০ অর্থ বছরে নিজস্ব তহবিলের আওতায় ৪০টি প্রকল্পের অগ্রগতি ৮৫%। ৪) ২০১৮-১৯ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্পে ৪৪৬ প্রকল্পে ৯৭% কাজের অগ্রগতি হয়েছে। এছাড়া বরগুনা জেলাকে মাদকমুক্ত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। নিজস্ব তহবিলের আওতায় ৭৩টি প্রকল্পের কাজের অগ্রগতি ৯৫%। বরগুনা জেলা শহরে একটি শিশু পার্ক করার প্রয়োজনীয়তা সম্পর্কে সভাপতি আলোচনা করেন। | ১. জেলা পরিষদ, বরগুনা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম সুচারুরূপে দ্রুত সম্পন্ন করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. জেলা পরিষদ, বরগুনা কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।<br>৩. বরগুনা জেলার প্রবেশ দ্বারে ইলিশ গেট নির্মাণের জন্য চেয়ারম্যান, জেলা পরিষদকে অনুরোধ করা হয়।<br>৪. বরগুনা জেলা শহরে একটি শিশু পার্ক করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদকে অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৫। **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) :**<br>নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, বরগুনা এর প্রেরিত প্রতিবেদনে জানা যায় যে, ১) বরগুনা জেলার ২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ব্লুগোল্ড প্রোগ্রামের আওতায় ৪৩/২ এফ এবং ৪৩/১ এ পোল্ডারের বাঁধ/স্লুইস মেরামত, খাল পুনঃখনন স্লুইস নির্মাণ কাজে গৃহীত স্কিমের সংখ্যা ৭টি, চুক্তি মূল্য ৭৪০.৬০ লক্ষ টাকা । প্রকল্পের অগ্রগতি ১০০%। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত "বরগুনা জেলার উপকূলীয় পোল্ডারসমূহে সেচ কাজের জন্য খাল পুন:খনন" এর কাজের গড় অগ্রগতি ৯৯.৫০%। (১) বরগুনা জেলার অধীনে পায়রা নদীর ভাঙ্গণ হতে আমতলী শহর এবং আড়পাঙ্গাশিয়া ও ঘটখালী বাজার প্রতিরক্ষা এবং পোল্ডার ৪৩/১ ও ৪৪বি অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প। (২) বরগুনা জেলাধীন বিশখালী নদীর ভাঙ্গণ হতে বামনা শহর এবং রামনা ও কালিকাবাড়ী লঞ্চঘাট প্রতিরক্ষা এবং পোল্ডার ৩৯/২ এ ও ৩৯/১ বি অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প। (৩) বরগুনা জেলার আওতাধীন বলেশ্বর ও বিশখালী নদীর ভাঙ্গণ হতে কাকচিড়া লঞ্চঘাট জিনতলা পদ্মা ও কাঠালতলী বাজার প্রতিরক্ষা এবং পোল্ডার ৩৯/১ এ ও ৪০/১ অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প। (৪) বরগুনা জেলার আওতাধীন বিশখালী ও পায়রা নদীর ভাঙ্গণ হতে বেতাগী শহর, ফুলঝুড়ি লঞ্চঘাট ও জাঙ্গালিয়া বাজার প্রতিরক্ষা এবং পোল্ডার ৪১/৬এ, ৪১/৬বি ও ৪১/৭এ অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প। (৫) বরগুনা জেলার আওতায় পোল্ডার নং ৪১/২, ৪১/৪, ৪১/৫ ও ৪২ এর পূণর্বাসনসহ নলী বন্দর সংরক্ষণ প্রকল্প। (৬) বরগুনা জেলার শুভসন্ধ্যা সী-বীচ এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরগুনা'র বেড়ীবাঁধ প্রতিরক্ষা ও সৌন্দর্যবর্ধন প্রকল্প নিয়ে সভায় আলোচনা হয়। প্রকল্প সমূহ অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন। | ১। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উন্নয়ন মূলক কাজের প্রাক্কালন অনুযায়ী গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, বরগুনাকে অনুরোধ করা হয়।<br><br>২। বরগুনা জেলার পায়রা, বিষখালী ও বলেশ্বর নদীর পাড়ের বিভিন্ন স্থানে সম্পূর্ণ এবং আংশিক ক্ষতিগ্রস্থ বাঁধ দ্রুত স্থায়ীভাবে মেরামতসহ জেলার সকল উপজেলার ঝুঁকিপূর্ণ বাঁধ পুনঃ/স্থায়ী মেরামতের জন্য নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, বরগুনাকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ০৬। **কৃষি বিভাগ:**<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা সভায় জানান যে, বরগুনা জেলায় বোরো ধান উৎপাদন বিগত বছরের ০৩ গুন। সারের বর্তমান মজুদ সন্তোষজনক। জেলায় ২২.০৫.২০২১ পর্যন্ত ইউরিয়া ৫০৫.০০ মে.টন, টিএসপি ১৬৯.০০ মে.টন, ডিএপি ১৫৯.০০ মে.টন এবং এমওপি ৫৮.০০ মে.টন সার মজুদ আছে। তাছাড়া চলতি মাসে সারের বরাদ্দ আছে ইউরিয়া ৮৩৬.০০ মে.টন, টিএসপি ২৮০.০০ মে.টন, ডিএপি ২৩০.০০ মে.টন, এমওপি ৭৩.০০ মে.টন। খরিপ-১/২০২১-২২ এর আবাদের অগ্রগতি কার্যক্রম চলমান রয়েছে। বোরো ধান ক্রয়ের লক্ষমাত্রা ৯৭৪ মে: টন, অর্জন ৭৮৯.১৭ মে: টন। চাল ক্রয়ের লক্ষমাত্রা ৯৭৪, অর্জন ২৮৮.২৩ মে.টন। এ ছাড়া পতিত (সাময়িক/মৌসুমী) জমিকে ফসল আবাদের আওতায় আনার মাধ্যমে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ কার্যক্রম চলমান আছে। এছাড়া বিসিআইসি ও বিএডিসি ডিলারদের গোডাউন পরিদর্শনের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার প্রতি মাসে বরাদ্দকৃত ইউরিয়া, নন-ইউরিয়া সার ও বীজ পৌছানোর সংবাদ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনার নিকট প্রেরণ করবেন। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা সমন্বিত আকারে জেলা প্রশাসক, বরগুনা'র নিকট প্রেরণ করবে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক কোন জমি অনাবাদি না রাখতে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সফল করার লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তা ও সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্পকে এগিয়ে আসার জন্য অনুরোধ জানান। | ১। বিসিআইসি ও বিএডিসি ডিলারদের গোডাউন পরিদর্শনের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।<br>২। সারের মজুদ ও মূল্য পরিস্থিতি নিয়মিত তদারকি করতে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার প্রতি মাসে বরাদ্দকৃত ইউরিয়া, নন-ইউরিয়া সার ও বীজের আগমনী বার্তা প্রতিবেদন আকারে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনার মাধ্যমে সমন্বিত আকারে জেলা প্রশাসক, বরগুনা'র নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বরগুনায় যেন কোন কৃষি জমি অনাবাদি না থাকে সে বিষয়ে বিশেষ নজর দিতে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে অনুরোধ করা হয়।<br>৫। সরকারি বেসরকারি সকল অফিস প্রাঙ্গণে আবাদযোগ্য জমিতে উপযুক্ত ফসল আবাদ করার অনুরোধ করা হয়। | উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৭। **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:** নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, জানান যে গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক মান ও প্রশস্থকরণ (বরিশাল জোন এর বরগুনা অংশ) আর ৮৮০ এর ২০২০-২০২১ অর্থবছরে কাজে বরাদ্দ ৩৫.০২ কোটি টাকা অগ্রগতি ৭৮.৯৫% ২) জেলা মহাসড়কের যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (বরিশাল জোন এর বরগুনা অংশ) জেড-৮৭০৮ এ ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দ ১১.৭৪ কোটি, অগ্রগতি ৮৩.০২%। ৩) চরখালী-তুষখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ (বরগুনা অংশ) জেড-৮৭০১ ২০২০-২০২১ অর্থবছরে কাজে বরাদ্দ ৪.৬০ কোটি। অগ্রগতি ১০০%। এছাড়া সড়ক দূর্ঘটনা রোধে সচেতনতা বৃদ্ধি করতে উপজেলা নির্বাহী অফিসারগণের সহযোগিতা কামনা করা হয়। তিনি আরও জানান যে, সড়ক-মহাসড়ক নির্মাণে বাংলাদেশ ডেল্টা প্লান'র প্রতি নজর রাখতে হবে। আমতলী-শুভসন্ধ্যা-টেংরাগিরি ইকোপার্ক সড়কটি মেরিন ড্রাইভসহ আধুনিক মানে উন্নীত করতে হবে। | ১. বাকেরগঞ্জ-পাদ্রীশিবপুর-কাঁঠালতলী-সুবিদখালী-বরগুনা সড়কটি জাতীয় মহাসড়কে অন্তর্ভুক্তিসহ ৪ লেনে উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. সড়ক দুর্ঘটনারোধে সচেতনতা বৃদ্ধি করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৩. সড়ক ও জনপদ বিভাগের স্পেসিফিকেশন/ডিজাইন অনুযায়ী বাঁধ রক্ষার বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিজাইন অনুযায়ী সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য নিবাহী প্রকৌশলী, পওর বিভাগ, বাপাউবো, বরগুনাকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বরগুনা বিভাগীয় বন কর্মকর্তা, পটুয়াখালী। নিবাহী প্রকৌশলী, পওর বিভাগ, বাপাউবো, বরগুনা |
| ০৮। **গণপূর্ত বিভাগ :**<br>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনা জানান যে, ১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন বরগুনা সদর, আমতলী, বেতাগী ও তালতলী উপজেলা ভূমি অফিস নির্মাণ কাজ চলমান আছে ২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন পাথরঘাটা সার্কেল এএসপি অফিস, বাবুগঞ্জ পুলিশ তদন্তকেন্দ্র, চান্দখালী পুলিশ তদন্তকেন্দ্র, রানীপুর পুলিশ ফাড়ি, এনএসআই অফিস, কাকচিড়া নৌ পুলিশ ফাড়ি ও তালতলী ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ কাজ চলমান আছে। ৩) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বরগুনা জেলা ও প্রতিটি উপজেলায় একটি করে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন কাজ চলমান। ৪) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বরগুনা জেলার আমতলী, বেতাগী ও তালতলী উপজেলায় সাব-রেজিস্ট্রার অফিস ৫) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সদর, আমতলী ও তালতলী উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র, আমতলী কৃষি রেডিও স্টেশন নির্মাণ কাজ চলমান। নির্বাহী প্রকৌশলী জানান যে, বরগুনা জেলায় বহুতল বিশিষ্ট আধুনিক অফিসার্স কোয়ার্টার নির্মাণ করা প্রয়োজন। | ১. গণপূর্ত বিভাগ, বরগুনার চলমান বরগুনা সদর, আমতলী, বেতাগী ও তালতলী উপজেলা ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. সকল উপজেলায় নির্মাণাধীন মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন তদারকির জন্য উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়।<br>৩. পাথরঘাটা সার্কেল এসপি অফিস, বাবুগঞ্জ ও চান্দখালী পুলিশ তদন্ত কেন্দ্র, রানীপুর পুলিশ ফাড়ি, এনএসআই অফিস, কাকচিড়া নৌ পুলিশ ফাড়ি ও তালতলী ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৪. আমতলী, বেতাগী ও তালতলী উপজেলায় সাব-রেজিস্ট্রার অফিস নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| | ৫. সদর, আমতলী ও তালতলী উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র, আমতলী কৃষি রেডিও স্টেশন নির্মাণ কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করতে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৬. ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ও সদর হাসপাতালের আসবাবপত্র ও সরঞ্জামাদি সরবরাহপূর্বক হস্তান্তরের জন্য অনুরোধ করা হয়। | |
| ০৯। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** :<br>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনা সভায় জানান যে ১) জেলা পরিষদের পুকুর/দিঘি ও জলাশয়সমূহের পুন:খনন প্রকল্পের আওতায় ২২৬.৮১ লক্ষ টাকায় পুন:খনন কাজ চলমান এবং ৩০টি সোলার পিএসএফ নির্মাণ কাজে প্রাক্কলিত ব্যয় ২২৬.৮১ কোটি। কাজের অগ্রগতি যথাক্রমে ৯০% ও ৮০% ২) পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৩টি পুকুর খনন, ১০০টি গভীর নলকূপ এবং একটি রিভার অসমোসিস প্লান্ট নির্মানে ব্যয় যথাক্রমে ৬৪.৩৩, ৮৭.৪৩ এবং ১০৫.৮০ কোটি টাকা। কাজের অগ্রগতি ৫০%। ৪) ৩২টি পৌরসভার পানি সরবরাহ প্রকল্পের আওতায় বেতাগী পৌরসভার কাজ চলমান ৪) পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট প্রকল্পে ২৩টি পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনে প্রাক্কলিত ব্যায় ৮৫.১০ লক্ষ টাকা, কাজের অগ্রগতি ৯০% ও ৫) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পে প্রাক্কলিত ব্যয় ৯২৮.৩৮ লক্ষ টাকা। কাজের অগ্রগতি ৬০%। | ১। কাজের গুণগত মান বজায় রেখে চলমান প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২। বরগুনা সদর উপজেলার গোড়া পদ্মা, পালের বালিয়াতলী, টেংড়াগিরি ইকোপার্ক, শুভসন্ধ্যা ও মোহনা পর্যটন কেন্দ্রের স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সাধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩। ডায়রিয়া প্রতিরোধে এবং নিরাপদ পানি সরবরাহসহ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪। সরকারি অফিসসমূহের প্রবেশদ্বার ও জনগুরুত্বপূর্ণ স্থানে হাত ধোয়ার স্থাপনা স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৫। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল কাজের গুনগত মান ও সিডিউল অনুযায়ী করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরগুনা |
| ১০। **পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি**: ডিজিএম, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর জানান যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় ৫০৭৯৯ গ্রাহক এর মধ্যে জুন মাসে ৫৫৮ জনকে নতুন সংযোগ প্রদান করা হয়েছে। পাথরঘাটা উপজেলাকে শতভাগ বিদ্যুতায়ন উপজেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে কাজ করা হচ্ছে। জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতভাগ বিদ্যুতায়িত উপজেলা হিসাবে শুভ উদ্বোধনের নিমিত্তে ইতিমধ্যে পাথরঘাটা উপজেলার ৭টি ইউনিয়ন পরিষদ ও একটি পৌরসভার প্রত্যয়ন পাওয়া গিয়েছে। সভাপতি নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | ১.নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>২. পাথরঘাটা উপজেলাকে শতভাগ বিদ্যুতায়িত উপজেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপের অগ্রগতি জানানোর জন্য ডিজিএম, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | ডিজিএম, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১১। **পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি**: ডিজিএম, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বরগুনা সভায় জানান যে ০৮.০১.২০২১ তারিখ হতে পরীক্ষা মূলকভাবে গ্রীড চালু করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌছে দেয়ার অঙ্গীকারাবদ্ধ। সেই লক্ষ্যে ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেয়ার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। ১) বরগুনা জেলার ৪টি উপজেলার শতভাগ এলাকা/পরিবারকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা হয়েছে তবে কিছু গ্রাহক হাউজ ওয়ারিং সম্পন্ন না করায় সংযোগ গ্রহণ করেন নাই, তাদেরকে মোটিভেশনের মাধ্যমে সংযোগ গ্রহণের অনুরোধ করা হচ্ছে। ২) দুই একটি স্পটে লাইন নির্মাণ/সংযোগ প্রদানে স্থানীয় বাঁধা রয়েছে যা স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহায়তায় নিরসন করার চেষ্টা অব্যাহত রয়েছে। ৩) জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতভাগ বিদ্যুতায়িত উপজেলা হিসাবে শুভ উদ্বোধনের নিমিত্তে ইতিমধ্যে বরগুনা সদর, আমতলী, তালতলী ও বেতাগী উপজেলার সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভার প্রত্যয়ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ১। জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জেলার সকল উপজেলাকে শতভাগ বিদ্যুতায়িত উপজেলা হিসাবে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২।নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ডিজিএম, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বরগুনা |
| ১২। **বিদ্যুৎ বিভাগ** : নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো (বিদ্যুৎ), বরগুনা সভায় জানান যে, ১) মুজিববর্ষ উপলক্ষ্যে বরগুনা জেলায় শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে কাজ চলমান ২) বরগুনা পৌরসভার বকেয়া ২,৩৩,১১,২৪০ (দুইকোটি তেত্রিশ লক্ষ এগারো হাজার দুইশত চল্লিশ) টাকার বিদ্যুৎবিল পরিশোধ করার জন্য মেয়র, বরগুনা পৌরসভারকে অনুরোধ জানান। ৩) বিভিন্ন সরকারি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও মসজিদ মন্দিরসমূহে বকেয়া রয়েছে। বরগুনা পৌরসভাসহ বিভিন্ন সরকারি দপ্তরের ত্রুটিপূর্ণ এনালগ ও ডিজিটাল মিটার পরিবর্তন করা প্রয়োজন। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে বরগুনা জেলায় শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২। মেয়র, বরগুনা পৌরসভার নিকট বিভিন্ন প্রকল্পের মে ২০২১ মাস পর্যন্ত ২,২৪,০৮,১৫৪ (দুই কোটি চব্বিশ লক্ষ আট হাজার একশত চুয়ান্ন) টাকা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়।<br>২। নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী ওজোপাডিকো বরগুনা।<br>মেয়র, বরগুনা পৌরসভা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ১৩। খাদ্য বিভাগ: জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা সভায় জানান যে, তালতলী উপজেলার খাদ্য নিয়ন্ত্রকের পদ শূন্য রয়েছে। জেলার খাদ্য শস্যের মজুদ পরিস্থিতি: চাল- ৫৮০৫.৫৮০ মেঃ টন, গম- ৫৩৭.৩৯৬ মেঃ টন, ধান ৪৬০.৫২০ মে: টন। চাল এবং গমের মজুদ সন্তোষজনক। জেলায় বর্তমানে মোটা চালের বাজার দর পাইকারী প্রতি কেজি ৪০-৪১ টাকা এবং খুচরা বিক্রি হচ্ছে ৪২-৪৪ টাকায়। খাদ্য অধিদপ্তর হতে গম বরাদ্দের পরিমাণ ৮১৯১.০০ মে.টন। খাদ্যবান্ধব কর্মসূচিতে ২০২০-২১ অর্থ বছরে ক্রমপুঞ্জি উত্তোলন ৮১৯১.০০, বিক্রয় ৮১৯১.০০। ধান লক্ষ্যমাত্র ৭১৭.০০, ক্রমপুঞ্জিত সংগ্রহ ৪৬০.৫২০। অবশিষ্ট ২৫৬.৪৮০ মে.টন। | ১. নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনাকে জেলার খাদ্য মজুদ পরিস্থিতি তদারকি করার জন্য অনুরোধ করা হয়।<br>৩. খোলা বাজারে আটা এবং চাল বিক্রির অনিয়ম পাওয়া গেলে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. সকল সরকারি খাদ্য গুদামসমূহে সরেজমিনে পরিদর্শন পূর্বক খাদ্যশস্য মজুদের হালনাগাদ তথ্য রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা |
| ১৪। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরগুনা সভায় জানান, যে, ১৫৪৭.৪৬ লক্ষ টাকা ব্যয়ে ১টি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, ৬৭৬৬.০৬ লক্ষ টাকা ব্যয়ে ২০টি মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন, ১৬২৯.৬২ লক্ষ টাকা ব্যয়ে ২০টি মাধ্যমিক বিদ্যালয় উর্দ্ধমুখী সম্প্রসারণ এর কাজ চুড়ান্ত হয়েছে। ৩৭১৬.০১ লক্ষ টাকা ব্যয়ে ১২টি মাদরাসা উন্নয়ন, ৯৪৯.৬৭ লক্ষ টাকা ব্যয়ে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রকল্পের কাজ চুড়ান্ত হয়েছে। ১৮৬৮.৪৫ লক্ষ টাকা ব্যয়ে ৩৩টি অনুন্নয়ন রাজস্ব প্রকল্প কার্যক্রম চলমান আছে। | ১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরগুনাকে নিয়মিত কার্যপত্র প্রেরণসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>২। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় চলমান নির্বাচিত সরকারি-বেসরকারি কলেজ, মাধ্যমিক বিদ্যালয় নির্মাণ, টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, মাদরাসা, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের নির্মাণ ও মেরামত কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরগুনা |
| ১৫। বরগুনা পৌরসভা: মেয়র, বরগুনা পৌরসভা জানান যে, ১) বরগুনা কালেক্টরেট মার্কেট এর কাজ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। ২) বরগুনা টাউন হল চত্বরে অগ্নিঝড়া-৭১ সংলগ নিউ মার্কেট অনুমোদনের জন্য অনুরোধ জানান। ৩) বঙ্গবন্ধু নৌকা জাদুঘর রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধায়ন এর জন্য জেলা প্রশাসন ও বরগুনা পৌরসভার উপর ন্যস্ত করার জন্য অনুরোধ জানান। | ১. নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>২। কাজের গুণগত মান বজায় রেখে চলমান প্রকল্পসমূহ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বরগুনা পৌরসভাকে অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরগুনা। মেয়র, বরগুনা পৌরসভা |
| ১৬। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর : নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরগুনা সভায় জানান যে ১। কোভিড-১৯ মহামারিতে সকল স্বাস্থ্য বিধি মেনে মাঠ পর্যায়ে এলজিইডি'র আওতাধীন উন্নয়নমূলক কর্মকান্ড যথাযথভাবে চলমান ২। বরগুনা সদর উপজেলার মাছ বাজারের ব্রীজের দুই পাশের এপ্রোচ রোড এর প্রাক্কলন (আরসিসি) এলজিইডি সদর দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে, অনুমোদন পাওয়া গেলে বাস্তবায়ন করা হবে। ৩। আমতলী-মানিকঝুড়ি-কচুপাত্রা (আমতলীর অংশ) সড়কটি মাননীয় সংসদ সদস্য ১০৯, বরগুনা ১ এর সুপারিশক্রমে প্রধান প্রকৌশলী, এলইজইডি এঁর নির্দেশক্রমে প্রাক্কলন প্রস্তুত করে এলজিইডি সদর দপ্তরে প্রেরণ করা হয়। বরগুনা সদর উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণের জন্য জায়গা নির্বাচন প্রক্রিয়াধীন। আমতলী-মানিকঝুড়ি আরএইচডি-কচুপাত্রা জিসি সড়কে আড়পাঙ্গাসিয়া বেইলি ব্রীজটি মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদ, আমতলী বরাবরে প্রেরণ করা হয়েছে। | ১. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন সকল কাজের গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩। আমতলী-মানিকঝুড়ি আরএইচডি-কচুপাত্রা জিসি সড়কে আড়পাঙ্গাসিয়া বেইলি ব্রীজটি মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বরগুনাকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ, বরগুনা |
| ১৭। জেলা শিক্ষা অফিস: জেলা শিক্ষা অফিসার, বরগুনা সভায় জানান যে, জেলা ও উপজেলায় পরিদর্শন কার্যক্রম এবং অনলাইন ক্লাস নিয়মিত চলছে। ৬ষ্ঠ-৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট কার্যক্রমের উপর গবেষণা চলছে এবং সংসদ টিভির মাধ্যমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য মনিটিরিং কার্যক্রম চলমান। ২০২০-২১ অর্থ বছরে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য তথ্য উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশালে প্রেরণ করা হয়েছে। এ জেলায় কিছু শিক্ষা প্রতিষ্ঠান নুতন এমপিওভুক্তকরণ ও স্তর পরিবর্তন হয়েছে। এর মধ্যে ৪টি কলেজ, ৬টি স্কুল ও ৬টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। | ১. শিক্ষা প্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশে সন্ত্রাস, জঙ্গিবাদ, নাশকতা, মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধি প্রতিরোধের উপায় সম্পর্কে অবহিতকরণ অব্যাহত রাখার জন্য জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনলাইনে মাল্টিমিডিয়া ক্লাসরুমে পাঠদান অব্যাহত রাখতে অনুরোধ করা হয়।<br>৩. করোনা ভাইরাসের প্রাদুর্ভাবমুক্ত হওয়ার পর ''বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি'' বিষয়ক কার্যক্রম স্কুল পর্যায়ের কর্মসূচি পুনরায় চালু করার জন্য অনুরোধ করা হয়।<br>৪. বাংলাদেশ সংসদ টিভিতে সম্প্রচারিত ''আমার ঘর, আমার স্কুল'' শীর্ষক শিক্ষার্থীদের পাঠদান কর্মসূচি নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বরগুনা উপজেলা নির্বাহী অফিসার (সকল)/জেলা শিক্ষা অফিসার, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| **১৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিস:**<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা জানান যে, ১. কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় খোলার প্রাক প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>২. বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে পাঠদান কার্যক্রম "ঘরে বসে শিখ" শ্রেণি রুটিন ছাত্র-ছাত্রীদের জানিয়ে দেয়ার জন্য এবং প্রতিষ্ঠানের শ্রেণি পাঠদান কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়।<br>৩. অভিভাবকগণের মোবাইল নম্বর প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষকগণের নিকট সংরক্ষিত আছে। অনুরূপভাবে শিক্ষার্থীগণ যাতে সকল শিক্ষকের সাথে পাঠদানের বিষয় যোগাযোগ করতে পারে সে জন্য অভিভাবকদের নিকট শিক্ষকগণের মোবাইল নম্বর দেয়ার জন্য বলা হয়েছে।<br>৪. প্রত্যেক শ্রেণি শিক্ষককে তার শিক্ষার্থীদের গ্রুপ বিভক্ত করে মোবাইলে যোগাযোগ করে পাঠদান কার্যক্রমে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৫. ৫ম শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান কার্যক্রম প্রধান শিক্ষক নিজে তত্ত্বাবধান করবেন।<br>৬. প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের Google meet Apps এর মাধ্যমে শিক্ষা দানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | ১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. কোভিড ১৯ মোকাবেলায় ছাত্র-ছাত্রী ও কর্মরত শিক্ষকের ঝুঁকি, নিরাপত্তা ও স্বাস্থ্যের বিষয়টি চিন্তা করে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় চালু করার বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৩. বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে পাঠদান কার্যক্রমের শ্রেণিভিত্তিক রুটিন ছাত্র-ছাত্রীদের জানিয়ে দেয়ার জন্য এবং প্রতিষ্ঠানের শ্রেণিভিত্তিক পাঠদান কার্যক্রমে শিক্ষার্থীদের অংশ গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৪. শ্রেণি শিক্ষককে তার শিক্ষার্থীদের গ্রুপ বিভক্ত করে মোবাইলে যোগাযোগ করে পাঠদান কার্যক্রমে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৫. ৫ম শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান কার্যক্রম প্রধান শিক্ষক নিজে তত্ত্বাবধান করবেন। প্রধান শিক্ষক, শ্রেণি শিক্ষক ও বিষয় ভিত্তিক শিক্ষককে পারস্পারিক সমন্বয়ের মাধ্যমে উপরোক্ত কার্যক্রমগুলো সুচারুরূপে সমাধানের জন্য পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>৬. এ জেলায় অতি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ১০৫টি প্রাথমিক বিদ্যালয় অনতিবিলম্বে মেরামত/সংস্কার/নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা। |
| **১৯। পিটিআই :**<br>পিটিআই'র সুপারিনটেনডেন্ট সভায় জানান যে, পিটিআই এ মঞ্জুরীকৃত ইন্সট্রাক্টর পদ ৩২, কর্মরত ১৩ শূন্যপদ ১৯। বরগুনা পিটিআই এ একটি শহিদ মিনার স্থাপন করা প্রয়োজন। | ১। প্রয়োজনীয় সংখ্যক ইন্সট্রাক্টর পদায়নের এবং শহিদ মিনার স্থাপন করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করার জন্য সুপারিনটেনডেন্ট, পিটিআই, বরগুনাকে অনুরোধ করা হয়। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, বরগুনা |
| **২০। বিআরডিবি, বরগুনা:**<br>উপপরিচালক, বিআরডিবি ও সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার সভায় জানান যে ১) পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচির মোট সঞ্চয় জমা ৪২৮.০০ লক্ষ টাকা ২) ঋণ বিতরণ ১৮৮০৫.৪২ এবং মোট আদায়- ১৬৬১৪.৫৬ লক্ষ টাকা। এছাড়া তিনি আরো জানান যে, জেলার ১৯৪৫৪টি পরিবারকে আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় আনা হয়েছে এবং নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সভাপতি 'আমার বাড়ি আমার খামার' প্রকল্পের নিয়মিত সভা আহবান করার অনুরোধ জানান। | ১. সভায় 'আমার বাড়ি আমার খামার প্রকল্পের' কাজের গতি বৃদ্ধির জন্য নিয়মিত সভা আহবান করার জন্য উপপরিচালক, বিআরডিবি, বরগুনা ও সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>২. 'আমার বাড়ি আমার খামার প্রকল্পের' নির্ধারিত সময়ের মধ্যে নতুন সদস্য অন্তর্ভুক্তি ও সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ কর্মসূচি গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য উপপরিচালক, বিআরডিবি, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ উপপরিচালক, বিআরডিবি, বরগুনা। |
| **২১। মৎস্য বিভাগ:** জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা সভায় জানান যে ১) মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত "বিশেষ কম্বিং অপারেশন ২০২১ এবং জাটকা নিধন প্রতিরোধ কর্মসূচি বাস্তবায়নে মে ২০২১ মাস পর্যন্ত ২৫৪টি অভিযান ও ৭২টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১৯৮ টি বেহুন্দি জাল, ১৭.০৫৭ মিটার কারেন্ট জাল এবং ২২১ টি অন্যান্য অবৈধ জাল জব্দ করে পুড়ে ফেলা হয়েছে। উক্ত জালের আনুমানিক মূল্য প্রায় ৬১৯.১৬ লক্ষ টাকা। এছাড়া ১.৩১২৭ মে. টন জাটকা জব্দ করে দুস্থ গরীব ও এতিমখানায় বিতরণ করা হয়েছে। ০.৭৯ লক্ষ টাকা জরিমানা এবং ০২ জনকে কারাদন্ড দেয়া হয়েছে। মৎস্য শিকারের উপকরণ নিলামে বিক্রি করে অর্থ সরকারি কোষাগারে জমা করা হয়েছে। এ বিষয়ে ৩১১ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। | ১. জেলার মৎস্য সম্পদ রক্ষায় মৎস্য আইন বাস্তবায়ন, মৎস্য খামার ও মৎস্য সম্পর্কিত প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন, প্রদর্শনী ও পরামর্শ প্রদান কর্মসূচি অব্যাহত রাখাসহ কারেন্ট জাল নিধন, মাছের পোনা ও ছোট জাটকা মাছ রক্ষায় মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও জেলা মৎস্য অফিসার, বরগুনা |
| **২২। জেলা ত্রাণ ও পুনর্বাসন দপ্তর:**<br>২০২০-২১ অর্থ বছরে গৃহহীনদের জন্য নগদ টাকায় দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ কার্যক্রম, ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ তথ্য কেন্দ্র-কাম ত্রান গুদাম নির্মাণসহ অন্যান্য সকল কার্যক্রম চলমান। সর্বমোট ১৩ টি প্রকল্প চলমান। | ১. আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত পূর্ভাবাস অনুযায়ী আসন্ন ঘূর্ণিঝড় প্রতিরোধে সাইক্লোন সেল্টারগুলো পরিস্কার পরিচ্ছন্ন করে প্রস্তুত রাখাসহ সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে ঘূর্ণিঝড় মোকাবেলায় ঘূর্ণিঝড় পূর্বপ্রস্তুতি, ঘূর্ণিঝড় কালীন এবং ঘূর্ণিঝড় পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ২৩। <u>প্রাণিসম্পদ বিভাগ:</u><br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বরগুনা সভায় জানান যে, জেলায় জুন ২০২১ মাসে ১৩,৯১৭ টি গবাদি পশু ও ৭৩,৪৩১ টি হাঁস-মুরগি ও ১১ টি পোষা প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৬৬০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে ৭৪১ টি সংকর জাতের বাচ্চা উৎপাদন করা হয়েছে। কোরবানী উপলক্ষ্যে গবাদি পশুর ক্রেতাদের মাঝে বিজ্ঞান সম্মত উপায় পশু জবাই, চামড়া ছড়ানো ও সংরক্ষণের লক্ষ্যে৩০০০ লিফলেট বিতরণ করা হয়েছে।কোরবানীর আগে এবং পরে করণীয় বিষয়ে ০১ দিনের একটি প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ ছাড়া কোভিড-১৯ মহামারির কারণে অন লাইনে গবাদি পশু বিক্রয়ের জন্য অন লাইন প্লাটফর্ম চালু করা হয়েছে। | ১. গবাদি পশু হৃষ্ট-পুষ্টকরণের জন্য যাতে স্টেরয়েড ব্যবহার না করা হয় সে বিষয়ে কার্যক্রম মনিটরিং করার অনুরোধ করা হয়।<br>২. উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় হাস-মুরগীর শেড নির্মাণ কাজ তদারকি করার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়।<br>৩. নিয়মিত খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৪. দুর্যোগ মোকাবেলায় খামারীদের ব্যবসা টিকিয়ে রাখতে দুধ, ডিম ও মাংস উৎপাদনে ভর্তুকি প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২৪। <u>সমবায়:</u><br>জেলা সমবায় অফিসার, বরগুনা সভায় জানান যে জেলায় প্রাথমিক সমবায় সমিতি- ২১০৪টি, কেন্দ্রীয় সমবায় সমিতি- ১১টি, অডিট সম্পাদন-৮২১টি । অডিট ফি-৩,৬১,২৬০ টাকা ধার্য, অডিট ফি আদায় ৩৪৪৮৭০ টাকা। সিডিএফ-১৭২৫৯৮ টাকা আদায়-১৩৮৩৯২ টাকা। মৎস্যজীবী ঋণ-১৭,৯০,৯৮৫ টাকা আদায় ৭) আশ্রয়ণ-২ প্রকল্প-২২৪০১৭ টাকা আদায় ৮) আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প ৭৭,০৯,৩৭১ টাকা ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক আছে। সভাপতি সমবায় অধিদপ্তর কর্তৃক বিতরণকৃত ঋণ কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত রাখার অনুরোধ জানান। | ১. সমবায় অফিসের চলমান কর্মসূচি বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সমবায় অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. সমবায় অধিদপ্তর কর্তৃক বিতরণকৃত ঋণ কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সমবায় অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ জেলা সমবায় অফিসার, বরগুনা। |
| ২৫। <u>পরিবার পরিকল্পনা:</u><br>উপপরিচালক, পরিবার পরিকল্পনা সভায় জানান যে, জুন ২০২১ এ ৫৪ জনকে স্থায়ী পদ্ধতির সেবা দেয়া হয়েছে। মোট সক্ষম দম্পতি ১৯৮৮৭৫ এবং পদ্ধতি গ্রহণ করেছেন ১৫৬৩৮৪ জন।। তিনি আর ও জানান যে, মা ও শিশু স্বাস্থ্যসেবার মাধ্যমে ২৯৯০ জনকে গর্ভকালীন, ২০৮ জনকে প্রসব, ১১৪৬ জনকে প্রসবোত্তর, ১৯১৭৪ জনকে শিশুসেবা প্রদান করা হয়। পরিবার পরিকল্পনা বিভাগে উপজেলা পঃপঃ কর্মকর্তার ০৪টি, মেডিকেল অফিসারের ০১টি, সহকারী উপজেলা পঃপঃ কর্মকর্তার ০৩টি ও সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তার ০৫টি পদ শূন্য রয়েছে। জরুরি ভিত্তিতে শুন্য পদে পদায়ন প্রয়োজন। তিনি সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রসবসেবা বৃদ্ধিতে সকলের সহযোগিতা কামনা করেন। | ১. পরিবার পরিকল্পনা কর্মসূচি বাস্তবায়নসহ সকল প্রকার স্বাস্থ্যসেবা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২. বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালনাসহ শূন্য পদে কর্মকর্তা পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, পরিবার পরিকল্পনাকে অনুরোধ করা হয়।<br>৩. সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রসবসেবা বৃদ্ধিতে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ করা হয়। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, উপজেলা নির্বাহী অফিসার, (সকল) বরগুনা। |
| ২৬। <u>জেলা নির্বাচন অফিস:</u><br>জেলা নির্বাচন অফিসার, বরগুনা সভায় সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচন কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। বরগুনা জেলায় ভোটার তালিকা হালনাগাদসহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য জেলা নির্বাচন অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়। | জেলা নির্বাচন অফিসার, বরগুনা। |
| ২৭। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স:<br>উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরগুনা সভায় জানান যে, জুন ২০২১ মাসে অগ্নিকান্ডের সংখ্যা ১৪, আনুমানিক ক্ষতির পরিমাণ ২০২০২৫০ টাকা। দুর্ঘটনার সংখ্যা-সড়ক-১৫, আহতের সংখ্যা ১৫ এবং নিহতের সংখ্যা-০০ জন। রোগীর পরিবহনের সংখ্যা ২৫। মৌলিক প্রশিক্ষণ দেয়া হয়েছে ৪০ জনকে।<br>অগ্নিকান্ডের খবর শোনার ১ মিনিটের মধ্যে Move করা হয়। জেলা সদরে স্টাফ অফিসারসহ পাথরঘাটা ও বরগুনা সদর ফায়ার স্টেশনে স্টেশন অফিসারের পদ শূন্য। অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন/২০০৩ মোতাবেক নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। | ০১। জেলা সদরে ১ জন স্টাফ অফিসারসহ পাথরঘাটা 'ও আমতলী ফায়ার স্টেশনে ২ জন স্টেশন অফিসার পদায়নের জন্য সচিব, সুরক্ষাসেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের জন্য উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়।<br>০২। বরগুনার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের কর্মীদের কর্মতৎপরতা অব্যাহত রাখা এবং প্রদর্শনী মহড়া অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়।<br>০৩। অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন/২০০৩ মোতাবেক নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনাকে অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরগুনা |
| ২৮। <u>বিসিক, বরগুনা:</u><br>প্রকল্প পরিচালক, বিসিক শিল্পনগরী, বরগুনা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ২০,০০০/- কোটি টাকার ঋণ প্রনোদনা সিএমএসএমই খাতে বিতরণের কার্যক্রম চলমান। বরগুনা জেলায় মোট বরাদ্দ ২৫.৫৫ কোটি। বিতরণ ২৩.৮৩ কোটি। ঋণ বিতরণের শতকরা হার ৯৩%। ঋণ গ্রহণকারী উদ্যোক্তার ৩৩৪ জন। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. কাজের গুণগতমাণ বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, বিসিক শিল্প নগরী, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপ-ব্যবস্থাপক, বিসিক, বরগুনা। |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ২৯। সমাজসেবা অধিদপ্তর : উপপরিচালক, জেলা সমাজসেবা সভায় অনুপস্থিত। সভায় প্রেরিত প্রতিবেদনে জানান যে, ঘুর্ণায়মান তহবিলের আদায় সন্তোষজনক। ১) জেলার ১২০টি এতিমখানায় ক্যাপিটেশনগ্রান্ট চালু আছে ২) বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীর শিক্ষা উপবৃত্তি, হিজরা জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজরা জনগোষ্ঠীর জন্য শিক্ষা উপবৃত্তি, দলিত হরিজন জনগোষ্ঠীর বিশেষ ভাতা, দলিত হরিজন জনগোষ্ঠীর জন্য শিক্ষা উপবৃত্তি, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বিশেষ ভাতা, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির শিক্ষা উপবৃত্তি সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। এছাড়া সরকারি শিশু পরিবার, সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, শহর সমাজসেবা কার্যক্রম, নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠন কার্যক্রম, প্রবেশন কার্যক্রম, জেলা সমাজকল্যাণ পরিষদ কার্যক্রম ও ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগী বাবদ প্রাপ্ত তহবিল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | ১. নিয়মিত সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়কে তার দপ্তরের সুবিধাভোগীদের ডাটাবেজ প্রস্তুতের অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়।<br>৩।নির্ধারিত সময়ের মধ্যে সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় সকল প্রকার ভাতা সুবিধাভোগীদের নিকট হস্তান্তর করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩। শিশু পরিবার এর অভ্যন্তরের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৪। সুবিধাভোগীদের প্রয়োজনীয় চাহিদার ভিত্তিতে উন্মুক্ত বাছাই কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বরগুনা |
| ৩০। যুব উন্নয়ন অধিদপ্তর: উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরগুনা জানান যে, ভিন্ন ভিন্ন মেয়াদে যেমন- মৎস্যচাষ, পোশাক তৈরি, কম্পিউটার, আর/এসি, ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল ও হাউজওয়েরিং, রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং, বিউটিফিকেশন বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম চলছে। কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান জোরদারকরণ ঋণ বিতরণ প্রকল্প, পারিবারিক ঋণ কর্মসূচি চলমান আছে। প্রাতিষ্ঠানিক ভাবে ২৫৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অপ্রাতিষ্ঠানিক কার্যক্রমের আওতায় ৪৮৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ জেলায় মোট যুব সংগঠনের সংখ্যা ৪৭। ২০২০-২১ অর্থ বছরে ৯টি যুব সংগঠনের মধ্যে ৩,৭০,০০০/ টাকা অনুদান বিতরণ করা হয়েছে। এছাড়া তিনি জানান যে, তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরগুনা। |
| ৩১। শিশু একাডেমি: জেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান যে ১। ২০২১ শিক্ষাবর্ষে শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক কার্যক্রম চলমান। তাছাড়া ও পাথরঘাটা উপজেলাতে এই কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ০৪টি শিশু বিকাশ কেন্দ্রের মাধ্যমে বর্তমানে করোনা পরিস্থিতির কারণে ২০২০-২১ অর্থবছরের অন্যান্য কার্যক্রম স্থগিত আছে। ২। শিশুদের সাংস্কৃতিক, বৈজ্ঞানিক বিনোদনমূলক, শিক্ষামূলক প্রশিক্ষণ এবং যথারীতি অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে ৩। শিশু একাডেমি, নিজস্ব ভবন নির্মাণের প্রয়োজনে বরগুনা জেলা সদরে সরকারি ভবনাদি নির্মাণের জন্য অধিগ্রহণকৃত অব্যবহৃত জমির মধ্যে হতে শিশুদের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে জাতীয় ও আন্তর্জাতিক অগ্রাধিকার বিবেচনায় ০.৫০-১.০০ একর জমি সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সুদৃষ্টি কামনা করেন। | ১। শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২। শিশুদের সাংস্কৃতিক, বৈজ্ঞানিক, বিনোদনমূলক ও শিক্ষামূলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য শিশু বিষয়ক কর্মকর্তা, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩।শিশু একাডেমি, বরগুনা'র ভবনের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বরগুনা'র নিকট নির্ধারিত ফরমে যোগাযোগ করার জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বরগুনাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বরগুনা। |
| ৩২। যুব প্রশিক্ষণ কেন্দ্র : ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বরগুনা জানান যে, জুন ২০২১ মাসে গবাদি পশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্যচাষ ও কৃষি বিষয়ক ট্রেডে ২৫৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১। নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখাসহ নিয়মিত প্রতিবেদন দাখিল করার জন্য ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বরগুনাকে অনুরোধ করা হয়। | ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বরগুনা |
| ৩৩। আয়কর বিভাগ: আয়কর বিভাগ এর উপ কর কমিশনার এর প্রতিনিধি সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে জুন ২০২১ মাসে কর আদায়র লক্ষ্যমাত্রা ০৭ কোটি ৯৯ লক্ষ। আদায় ৯,১৩,৩৮,২৮৭ টাকা। ক্রমযোজিত আদায় ৪০,১২,৯৮,২১৩ টাকা। ২০২০-২১ কর বছরের রেঞ্জ-৩ এ দাখিলকৃত সাধারণ রিটার্ন (ব্যক্তি) ১৪৯ জন। দাখিলকৃত মোট রিটার্ন ৬৪০৪। অবিতর্কিত দাবী হতে জুন/২০২১ তারিখ পর্যন্ত মোট বকেয়া আদায় ৩,৭৮,৪৫৮/-। জেলা আয়কর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. উপ কর কমিশনার, আয়কর বিভাগ, বরগুনাকে নিয়মিত উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে নিয়মিত যোগাযোগক্রমে উৎসে কর জমাদানে উৎসাহিত করতে এবং বিধি মোতাবেক জমাদান নিশ্চিত করতে অনুরোধ করা হয়। | সকল সরকারি দপ্তর প্রধান, উপকর কমিশনার বরগুনা। |
| ৩৪। কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ : বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, বরগুনা এর প্রতিনিধি জানান জুন/২০২১ মাসে ভ্যাট আদায়ের লক্ষমাত্রা ১০,০৯,৪৯,৭২৩ টাকা। আদায় ১৩,২০,০৩,১৭৯ টাকা। | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, বরগুনাকে নিয়মিত উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে নিয়মিত যোগাযোগক্রমে ভ্যাট প্রদানে উৎসাহিত করতে এবং বিধি মোতাবেক জমাদান নিশ্চিত করতে অনুরোধ করা হয়। | |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ৩৫। **বন বিভাগ:**<br>বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী সভায় জানান যে, ১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অত্র বন বিভাগের উপকারভোগীদের মাঝে লভ্যাংশের চেক বিতরণ, শহিদ দিবস, স্বাধীনতা দিবস, জাতীয় শিশু দিবস ও বিজয় দিবসে বিনামূল্যে টুরিস্ট স্পট টেংরাগিরি বন্য প্রাণি অভয়ারন্য ও লালদিয়া প্রস্তাবিত বন্যপানি অভয়ারন্যে প্রবেশের সুযোগ দান করা হয়। ২) সিইআইপি প্রকল্প- ২০১৮-১৯ সনে সৃজিত বরগুনা সদর উপজেলার পোল্ডার নং ৪১/১ (বুড়িরচর) এর বাঁধের ঢালে ১২.৫ সিকিমি গোলপাতা বাগান এবং পাথরঘাটা উপজেলায় পোল্ডার নং ৪০/২ (গহরপুর) এর বাঁধে ১০.০ সিকিমি বাগান সৃজনের কার্যক্রম চলমান। ২০২০-২১ সনে ৮০.০ সিকিমি স্ট্রিপ, ৬.০ সিকিমি, গোলপাতা বাগান ও ০.৯৬ হেক্টর মিশ্র ম্যানগ্রোভ বাগান রক্ষণাবেক্ষনের জন্য নার্সারি উত্তোলন সম্পন্ন করা হয়েছে। ২০২০-২১ সনে ৪১/১ নং পোল্ডারে স্ট্রিপ বাগান ৫০.০ সিকিমি, ৪০/২ নং পোল্ডারে স্ট্রিপ বাগান ৫০.০ সিকিমি বাগান সৃজন করা হচ্ছে। ৪) এসইউএফএএল প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ৫০.০০ হেক্টর ম্যানগ্রোভ সৃজন করা হয়েছে। এনরিচমেন্ট বাগান ৭০.০০ হেক্টর, গোলপাতা বাগান ৮০.০০ সিকিমি, মাউন্ড বাগান ১০.০০ হেক্টর, স্ট্রিপ বাগান ৬৫.০ সিকিমি ফলের বাগান ৫০.০ হেক্টর এর চারা উত্তোলন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ৫) অবৈধ করাত কল উচ্ছেদ করার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। ৬। রাস্তা সম্প্রসারণ/ব্রীজ/কালভার্ট নির্মাণ/বাঁধ সংস্কার এর জন্য মেয়াদোত্তীর্ণ সামাজিক বনায়নের গাছ বিক্রয় কার্যক্রম চলমান আছে। ৭। সামাজিক বনায়নের লভ্যাংশ বিতরণ কার্যক্রম চলমান আছে। ৮) বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চরসহ উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | ১. পানি উন্নয়ন বোর্ডের বাঁধে বনায়নের কাজ অব্যাহত রাখার জন্য বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালীকে অনুরোধ করা হয়।<br>২. পাথরঘাটা উপজেলার অদূরে বিহঙ্গ দ্বীপে পর্যাপ্ত বৃক্ষ রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, পটুয়াখালীকে অনুরোধ করা হয়।<br>৩. অবৈধ করাত কল উচ্ছেদ করার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৪। পাথরঘাটায় বিহঙ্গ দ্বীপে বিভিন্ন লোকজন কর্তৃক বৃক্ষ ক্ষতিগ্রস্থ করা যেন না হয় সে বিষয়ে ব্যবস্থা নিতে বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী ও উপজেলা নির্বাহী অফিসার পাথরঘাটাকে অনুরোধ করা হয়।<br>৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অত্র বন বিভাগের উপকারভোগীদের মাঝে লভ্যাংশের চেক বিতরণ, শহিদ দিবস, স্বাধীনতা দিবস, জাতীয় শিশু দিবস ও বিজয় দিবসে বিনামূল্যে টুরিস্ট স্পট টেংরাগিরি বন্য প্রাণি অভয়ারন্য ও লালদিয়া প্রস্তাবিত বন্যপাণি অভয়ারন্যে প্রবেশের সুযোগ দান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৬। রাস্তা সম্প্রসারণ/ব্রীজ/কালভার্ট নির্মাণ/বাঁধ সংস্কার এর জন্য মেয়াদোত্তীর্ণ সামাজিক বনায়নের গাছ বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৭। বঙ্গোপসাগরে জেগে ওঠা নতুন চরসহ উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরগুনা।<br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা<br>বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী |
| ৩৬। **জেলা হিসাব রক্ষণ অফিস :**<br>জেলা হিসাব রক্ষণ অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, জেলা হিসাবরক্ষণ অফিসের কার্যক্রম ibas++ পদ্ধতিতে স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। সভাপতি বিভিন্ন দপ্তরের অফিসারদেরকে ibas++ এর সহজ পদ্ধতিতে আর্থিক সেবা প্রদান করার জন্য অনুরোধ করেন। | ০১। নিয়মিত কার্যপত্র প্রেরণের জন্য জেলা হিসাব রক্ষণ অফিসার, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>০২। বিভিন্ন দপ্তরের অফিসারদেরকে ibas++ এর সহজ পদ্ধতিতে আর্থিক সেবা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | জেলা হিসাবরক্ষণ অফিসার, বরগুনা। |
| ৩৭। **মহিলা বিষয়ক অধিদপ্তর:**<br>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরগুনা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্তর্গত ভিজিডি কর্মসূচির খাদ্য সহায়তা কার্যক্রম চলমান। এছাড়া কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচি ও দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিতে প্রতি ০৩ মাস অন্তর স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা সুবিধা পাচ্ছে। বাল্য বিয়ে ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রমের আওতায় স্বাস্থ্যবিধি মেনে জেলা/উপজেলা পর্যায়ে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানান। | ১. মহিলা বিষয়ক অধিদপ্তর, বরগুনার আওতাধীন প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক ও সচেতনতামুলক সভা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৩. বাল্য বিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা এবং বাল্য বিবাহ নিরোধ আইন নিয়মিত প্রচার অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা,<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরগুনা |
| ৩৮। জেলা পরিসংখ্যান অফিস :<br>উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস সভায় জানান যে, গত ২৫ মে-০৮ জুন ২০২১ পর্যন্ত সারা দেশের ন্যায় বরগুনা জেলায় জন শুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় দ্বিতীয় জোনাল অপারেশনের কাজ শুরু হয়। এ কাজে বরগুনা জেলা ও এর আওতাধীন বিভিন্ন উপজেলা হতে মোট ২১ জন জোনাল অফিসার অংশগ্রহণ করেন। মুল শুমারিতে বরগুনা জেলায় মোট ২৩৮৫ জন তথ্য সংগ্রহকারী ও ৪২৪ জন সুপারভাইজার প্রয়োজন হবে। এ কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | ১। জেলা পরিসংখ্যান অফিসের অধীন বরগুনা জেলায় পাইকারী ও খুচরা ব্যবসা জরিপ ২০২০ প্রকল্পের ও হোটেল এন্ড রেস্টুরেন্ট জরিপ ২০২০ প্রকল্পের সকল জরিপ কর্মসূচি সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিসংখ্যান অফিসের জনশুমারী সংক্রান্ত কাজে সহায়তা করতে উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)<br>উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস, বরগুনা |
| ৩৯। **ঔষধ প্রশাসন:**<br>তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন সভায় জানান যে, বরগুনা জেলায় সর্বমোট খুচরা ড্রাগ লাইসেন্স সংখ্যা ১৪৯৯টি, নতুন ইস্যু হয়েছে ৩৫টি, নবায়ন হয়েছে ৪৫টি, ফার্মেসি পরিদর্শন ৬৫টি, সরকারি কোষাগারে রাজস্ব জমা: ১,১৩,১০০/- টাকা। মামলা দায়ের ০০টি। | ১। চিকিৎসকের পরামর্শ ব্যতিত ঔষধ বিক্রি না করার পরামর্শ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২। মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করার জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনাকে অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ৪০। **পরিবেশ অধিদপ্তর, বরিশাল:**<br>পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল সভায় অনুপস্থিত। বিগত সভায় বরগুনা জেলায় বাস্তবায়িত নিম্নরূপ কার্যক্রম তুলে ধরা হয়।<br>০১। পলিথিন বিরোধী ভ্রাম্যমান আদালত পরিচালনা: এ জেলায় নিয়মিত নিষিদ্ধ ঘোষিত পলিথিন বিরোধী ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে এবং অব্যাহত আছে।<br>০২। অবৈধ ইটভাটার বিরুদ্ধে কার্যক্রম: বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ অনুযায়ী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত ও এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং তা অব্যাহত আছে।<br>৩। নদীর, নলকূপের, পুকুরের/দীঘির পানি এবং হোটেল রেস্তোরার খাবার পানির নমুনা সংগ্রহপূর্বক জীবানুগত ভাবে পরীক্ষা করা হয় এবং যে সকল প্রতিষ্ঠানের খাবার পানিতে জীবানু পাওয়া যায় সে সকল প্রতিষ্ঠানকে জীবানু মুক্ত পানি সরবরাহ করার জন্য পরামর্শ প্রদান করা হয় এবং আইন অমান্যে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।<br>এছাড়া পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন অধিশাখা-২ এর ৩০ মে ২০১৯ তারিখের ২২.০০.০০০০.০৮৬.১৪.০৫৬.১৯.২৩১ নম্বর পত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বেতাগী পৌরসভা, বরগুনা কর্তৃক প্রস্তাবিত "জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলার জন্য বেতাগী পৌর এলাকায় ড্রেন নির্মাণ ও পরিবেশবান্ধব সৌরচালিত সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের অনুমোদন জারি করা হয়েছে। | ১. নিয়মিত সভায় উপস্থিতিসহ সভার কার্যপত্র প্রেরণ করার জন্য পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশালকে অনুরোধ করা হয়<br>২. অবৈধভাবে স্থাপিত ও পরিচালিত ইটভাটার বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) অনুযায়ী নিয়মিত ভ্রাম্যমাণ আদালত ও এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা করা এবং তা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৩. পানির নমুনা সংগ্রহ পূর্বক জীবানু পরীক্ষা করা অব্যাহত রাখার জন্য পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল অনুরোধ করা হয়। | পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল<br>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা |
| ৪১। **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস:**<br>সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বরগুনা সভায় জানান যে, বরগুনা জেলায় জুন ২০২১ মাস পর্যন্ত ১১৭ জন ফিঙ্গার প্রিন্ট হয়েছে, ১৩১ জন বিদেশ গমন করেন । প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের ৩০ জন কে বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান। জুন/২০২১ মাসে অনুদান এবং ক্ষতিপূরণ ১০৩ পরিবার। সভাপতি বরগুনা জেলার প্রবাসী নাগরিকদের একটি ডাটাবেজ তৈরি করার জন্য অনুরোধ জানান। | ১। বরগুনা জেলার উপজেলাভিত্তিক প্রবাসী নাগরিকদের একটি ডাটাবেজ তৈরী করার জন্য সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২। সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসার বরগুনাকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বরগুনা |
| ৪২। **হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বরগুনা:**<br>সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বরগুনা সভায় জানান যে, ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে ২০২০ শিক্ষা বর্ষের শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষার্থী নির্বাচন এবং বার্ষিক ক্রীড়া ও গীতা প্রতিযোগিতার আয়োজনের কার্যক্রম চলমান। সকল মন্দির এবং হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি এবং কোভিড-১৯ প্রটোকল মেনে ধর্মীয় আচরণ পালনের ব্যবস্থা নিতে সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বরগুনাকে অনুরোধ করা হয়। | ১. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় গৃহীত সকল কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>২. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা, গীতা ও বয়স্ক শিক্ষা কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বরগুনাকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বরগুনা। |
| ৪৩। **ইসলামিক ফাউন্ডেশন :**<br>উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বরগুনা সভায় জানান যে, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে ৬৮৫টি কেন্দ্র চলমান রয়েছে। এছাড়া ০৬টি উপজেলা মডেল রিসোর্স সেন্টার, ১৫টি সাধারণ রিসোর্স সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। । মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, যৌতুক ও বাল্যবিবাহ, নারী ও শিশু পাচার রোধ, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন এবং করোনা সংক্রান্ত সচেতনতা মুলক সরকারের নির্দেশনা মুসল্লিদেরকে অবহিত করা হয়।<br><br>যৌতুক বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার রোধ, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার লক্ষ্যে ইমাম সাহেবদের মাধ্যমে জুমার খুৎবার পূর্বে মুসল্লিদের উদ্বুদ্ধ করা হচ্ছে। ইসলামিক ফাউন্ডেশন প্রকাশিত পুস্তক ৩৫% কমিশনে বিক্রি হচ্ছে। | ১. কাজীদের মাধ্যমে বাল্য বিবাহ রোধ, বাল্য বিয়ে পড়ানোর কুফল, যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ নারী ও শিশু পাচার, সন্ত্রাস-জঙ্গিবাদ, ইভটিজিং রোধ ও ইমাম প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম আরও জোরদার করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়।<br>২. মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, মসজিদ পাঠাগার সম্প্রসারণ এবং শক্তিশালীকরণ কার্যক্রম জোরদারে মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধিসহ মডেল রিসোর্স সেন্টার, সাধারণ রিসোর্স সেন্টারগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>৩. সকল মসজিদে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রান্ত সরকারি নির্দেশনা মূলক প্রচারপত্র বিতরণ করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বরগুনাকে অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা<br>উপজেলা নির্বাহী অফিসার সকল<br>উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বরগুনা। |
| ৪৪। বিটিসিএল : সহকারী ব্যবস্থাপক (টেলিকম), বরগুনা জানান যে, বরগুনা-পুরাকাটা রাস্তা নির্মাণে বিটিসিএলের সংযোগ তার ক্ষতিগ্রস্থ। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | ১। বরগুনা-পুরাকাটা রাস্তা নির্মাণে বিটিসিএল এর সংযোগ তার ক্ষতিগ্রস্থ হওয়ায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী ব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, বরগুনাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী ব্যবস্থাপক (টেলিকম), বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ৪৫। বরগুনা নদী বন্দর: পোর্ট অফিসার, বি আই ডব্লিউ টি এ বিগত সভায় জানান যে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় বাইনচটকি চর এবং পাথরঘাটা খাল দখলের কারণে লঞ্চ চলাচলে বিঘ্ন হচ্ছে। সকল যাত্রীকে আবশ্যিকভাবে মাস্ক পরিহিত অবস্থায় লঞ্চে ভ্রমণ ও খেয়া পারাপাড় নিশ্চিত করার ব্যবস্থা নিতে সহকারী পরিচালক বরগুনা নদী বন্দর, বরগুনাকে অনুরোধ করা হয়। এ ছাড়া বাইনচটকী ও পুরাকাটা ফেরীঘাটে সকল যাত্রীকে মাস্ক পরিধান করার জন্য জেলা প্রশাসন হতে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য অনুরোধ জানান। | ০১। বরগুনা-ঢাকা রুটে নিয়মিত একাধিক আধুনিক লঞ্চ চলাচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, বিআইডব্লিউটিএ, বরগুনাকে অনুরোধ করা হয়।<br>০২। লঞ্চে ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী পরিবহন এবং অতিরিক্ত ভাড়া আদায় করা হচ্ছে কি না কিংবা সামাজিক দূরত্ব নিশ্চিত হচ্ছে কি না সে বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনাকে অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা। পোর্ট অফিসার, বিআইডব্লিউটিএ, বরগুনা |
| ৪৬। বিএসটিআই: সহকারী পরিচালক (মেট) বিএসটিআই, বরিশাল বিগত সভায় জানান যে, জুন ২০২১ মাস পর্যন্ত বরগুনা জেলায় ৪৬টি প্রতিষ্ঠান পরিদর্শন, ৪টি মোবাইল কোর্ট, ৩টি মামলা এবং ৪৬,০০০.০০ টাকা জরিমানা করা হয়েছে। | বরগুনা জেলায় নিয়মিত পরিদর্শন কার্যক্রম এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য সহকারী পরিচালক (মেট) বিএসটিআই, বরিশালকে অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা সহকারী পরিচালক (মেট) বিএসটিআই, বরিশাল |
| ৪৭। বিএডিসি : সহকারী প্রকৌশলী, বিএডিসি, বরগুনা সভায় জানান যে, বরগুনা জেলায় বিএডিসি'র মাধ্যমে স্মল হোল্ডার এগ্রিকালচারাল, কম্পিটিটিভনেস প্রেজেক্ট (এসএসিপি) এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে খাল পুন: খনন, ভূগর্ভস্থ সেচনালা নির্মাণ, ফসল রক্ষার বাঁধ নির্মাণ, কালভার্ট নির্মাণ ইত্যাদি উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য গত ২০২০-২১ অর্থ বছরে তালতলী উপজেলায় ০৬ টি ভূ গর্ভস্ত সেচনালা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। | বিএডিসি, বরগুনা'র সকল উন্নয়ন মূলক কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, বরগুনাকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, বরগুনা |
| ৪৮। ডিজিটাল হাব : সভাপতি জানান যে, তথ্য প্রযুক্তি বিষয়ে বরগুনা জেলা অনেক পিছিয়ে থাকার কারণে তথ্য প্রযুক্তি বিষয়ক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এবং এ জেলায় শিক্ষার হার বৃদ্ধি পেলেও বেকারত্বের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ থেকে উত্তরণের পথ হলো এ জেলায় ডিজিটাল হাব নির্মাণ। ডিজিটাল হাব নির্মিত হলে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, তরুণ-তরুণী ও যুব সমাজ ইন্টারনেটভিত্তিক শিক্ষা অর্জন করবে একইসাথে ব্যবসার প্রসার ঘটিয়ে আত্মকর্মসংস্থানের সৃষ্টি করতে পারবে। প্রশিক্ষিত যুব সমাজ আইসিটি সেক্টরে কাজ করার সুযোগ পাবে। ফলে ফ্রিল্যান্সার ও উদ্যোক্তা সৃষ্টি হবে এবং দেশের অর্থনীতিতে এরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | সভায় বরগুনা জেলায় বঙ্গবন্ধু ডিজিটাল হাব নির্মাণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| ৪৯। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপপরিচালক, পিডিবিএফ, পটুয়াখালী সভায় জানান যে, পিডিবিএফ এর নিয়মিত কার্যক্রমের পাশাপাশি অতি সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কোভিড-১৯ পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋনদান কার্যক্রম সম্প্রসারনের জন্য প্রদত্ত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় বিশেষ অনুদান বাবদ ৩০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অন্যান্য কাজ স্বাভাবিক আছে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বরগুনা'র সকল উন্নয়ন মূলক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পিডিবিএফ, পটুয়াখালী অঞ্চলকে অনুরোধ করা হয়। | উপপরিচালক, পিডিবিএফ পটুয়াখালী অঞ্চল |
| ৫০। জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো :<br>সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো জানান যে, ''আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা'' কর্মসূচির জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের অবহিতকরণ কর্মশালা সম্পন্ন করা হয়েছে। ৮-১৪ বছর বয়সের শিশু জরীপের কাজ এবং জরীপে প্রাপ্ত ডাটা এন্টির কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশের ৬১টি জেলার মধ্যে বরগুনা জেলার ''আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা'' কর্মসূচির কাজ সবচেয়ে দ্রুতগতিতে চলছে। লক ডাউনের পূর্বেই শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের ছবি তোলার কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের কাজ চলছে। | ১। আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বরগুনা |
| ৫১। <u>বিবিধ:</u> ১. জাতীয় ই-সেবা:<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জানান যে, জনগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক নাগরিকদের জন্য সরকারের কেন্দ্রীয় তথ্য, সেবা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য কলসেন্টার '৩৩৩' চালু করা হয়েছে। | ১. সকল অফিস প্রধানকে অফিসের ওয়েবসাইট নিয়মিত ব্রাউজ ও নিজস্ব ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ জানান হয়।<br>২. ইউডিসি যাতে সঠিকভাবে চালু থাকে তা নিশ্চিতের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়।<br>৩. কলসেন্টার '৩৩৩' এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)জেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান, বরগুনা |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| বর্তমানে নাগরিকগণ ৩৩৩ ও প্রবাসীগণ ০৯৬৬৬৭৮৩৩৩ নম্বরে কল করে সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সাথে যোগাযোগ, তথ্য, পর্যটন আকর্ষণীয় স্থানসমূহ, জেলা সম্পর্কিত যাবতীয় তথ্য জানতে পারবেন। এছাড়া সকল দপ্তরের পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। বর্তমানে প্রত্যেক দপ্তরের জন্য আলাদা আইডি, পাসওয়ার্ড এর ব্যবস্থা করা হয়েছে, যাতে সংশ্লিষ্ট দপ্তরের সর্বশেষ তথ্য ও হালনাগাদ সংযুক্ত করতে পারেন। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়ের কর্তৃপক্ষ মনিটরিং করেন, এজন্য সঠিক, নির্ভুল এবং হালনাগাদ তথ্য সংযোজন করা প্রত্যেকের নৈতিক দায়িত্ব। মোবাইল এ্যাপস এর মাধ্যমে জেলার শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং কার্যক্রম জোরদারকরণ, বরগুনা কালেক্টরেট স্কুল এন্ড কলেজকে ডিজিটালাইজড করণ। ১. ওয়েব সাইট ২.ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেম চালু ৩. ডিজিটাল হাজিরা সিস্টেম চালু ০৪. মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন। পর্চা সইমোহর ইত্যাদির সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে জেলা প্রশাসক বরগুনা উদ্যোগ নিয়েছেন। এ প্রক্রিয়ায় প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে অনলাইনে আবেদন এবং কোর্ট ফি গ্রহণ করা হবে। এ লক্ষ্যে ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং সেবা গ্রহণ করতে হবে বিধায় ব্যাংকের প্রতিনিধির সাথে চূড়ান্ত সমঝোতা হয়েছে। | | |
| ২. সরকারি দপ্তরে গণশুনানী গ্রহণ:<br>মন্ত্রিপরিষদ বিভাগের ০১.৬.২০১৬'র ০৪.০০.০০০০.৫১২.৫১.০০১. ১৪.১৫৬ নম্বর স্মারকে গণশুনানী গ্রহণের ক্ষেত্রে সকল সরকারি দপ্তর প্রধানকে সরকারের তাৎক্ষণিক নির্দেশনা মেনে গণ শুনানী গ্রহণের জন্য অনুরোধ করা হয়। কোভিড-১৯ এবং কঠোর লকডাউনের এর কারণে গণশুনানী গ্রহণ স্থগিত রয়েছে। | উপজেলা নির্বাহী অফিসারগণসহ সরকারি সকল দপ্তরে সেবাপ্রার্থী জনগণের জন্য স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত সীমিত আকারে গণশুনানী গ্রহণপূর্বক দ্রুত সমস্যা সমাধানের জন্য অনুরোধ করা হয়। | জেলা পর্যায়ে সকল দপ্তর প্রধান, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩. ভেজাল জ্বালানি তেলের বিস্তার রোধ :<br>এ জেলায় ভেজাল জ্বালানি তেলের বিস্তাররোধ ও বিধি-বহির্ভূত ক্রয়-বিক্রয় বন্ধের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সকলকে অনুরোধ করা হয়। | ভেজাল জ্বালানি তেলের বিস্তাররোধ ও বিধি-বহির্ভূত ক্রয়-বিক্রয় বন্ধের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সকল |
| ৪.নিরাপদ খাদ্য আইন ২০১৩ বাস্তবায়ন:<br>জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা জানান যে, সবার জন্য নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার লক্ষ্যে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য বাস্তবায়নকল্পে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। | নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা ও উপজেলা নির্বাহী অফিসারদের অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সকল |
| ৫। অন্যান্য বিভাগ:<br>নির্বাহী প্রকৌশলী সওজ, নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ডিজিএম, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর, ডিজিএম, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, পটুয়াখালী, উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জেলা হিসাব রক্ষণ অফিসার, জেলা ক্রীড়া অফিসার, জেলা সঞ্চয় অফিসার, উপপরিচালক অ্যাগ্রো সার্ভিস সেন্টার, সহকারী পরিচালক, রেডক্রিসেন্ট, উপপরিচালক, ঘূর্ণিঝড় কর্মসূচি, জেল সুপার, জেলা নির্বাচন অফিসার, সহকারী প্রকৌশলী বিটিসিএল, উপ আঞ্চলিক পরিচালক, বাউবি, সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অধ্যক্ষ, টিটিসি, সহকারী পরিচালক, (ইঞ্জিন), সহকারী পরিচালক বিএসটিআই, জেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপপরিচালক, পিডিবিএফ, উপসহকারী প্রকৌশলী, পিজিসিবি ও জুনিয়র লাইব্রেরিয়ান, বরগুনা সভায় উপস্থিত না থাকায় তাঁদের দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় কার্যপত্র প্রেরণসহ দপ্তর প্রধান/কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সকল অফিস প্রধান |



Scanned by CamScanner

৫২. উপপরিচালক, স্থানীয় সরকার বরগুনা, সভায় জানান যে, নির্ধারিত সময়ে দৈনন্দিন বাজারে আসা লোকজন যেন স্বাস্থ্যবিধি মেনে ক্রয় বিক্রয় করে এবং ক্রেতা-বিক্রেতা উভয়কে মাস্ক ব্যবহারে সচেতনতার জন্য প্রচারণা চালাতে সকল উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।

কোভিড -১৯ এর স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানানো হয়। সরকার কর্তৃক নির্ধারিত সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিজের উপর অর্পিত দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হয়। অত:পর অন্য কোন বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৭/২০২১

(হাবিবুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, বরগুনা।
ফোন : ০৪৪৮-৬২৫৬৬
dcbarguna@mopa.gov.bd



Scanned by CamScanner

স্মারক নম্বর :০৫.১০.০৪০০.১০৫.০৬.০০৪.২০- ৫৭৮(১)

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৮
২৮ জুলাই ২০২১

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১. মাননীয় সংসদ সদস্য, বরগুনা-১
২. মাননীয় সংসদ সদস্য, বরগুনা-২

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলি যোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব,স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, সেতুবিভাগ, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতুমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৩৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৩৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা-১০০০।
৩৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪০. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৪১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
৪৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪৫. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
৪৬. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
৪৭. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪৮. প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৩, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
৪৯. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা।
৫০. প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
৫১. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫২. সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, ঢাকা।
৫৩. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, পুরাতন কালেক্টরেট ভবন, ফজলুল হক এভিনিউ, বরিশাল।
৫৪. ..............................................

C:\Users\g.section\Desktop\DDC May 21(final) pp doc

Scanned by CamScanner